ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০০

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/ছাত্র/নিয়োগ/সুবিধা/১৪৯/২০১৭/ ২০৭০ তারিখ ০৮/০৮/২০১৭খ্রিঃ।

বরাবর,

ম্যানেজার
হিউম্যান রিসোর্স ডিভিশন
শেলটেক প্রাইভেট লি:
৫৫ বীর উত্তম কাজী নুরুজ্জামান রোড
ওয়েস্ট পান্থপথ, ঢাকা - ১২০৫।

বিষয় ঃ ২১/০৭/২০১৭ ইং তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে টেকনিক্যাল ডিভিশনে প্রকৌশলী নিয়োগের ক্ষেত্রে DUET হতে ডিগ্রীপ্রাপ্ত প্রকৌশলীদের আবেদনের সুযোগ রাখা প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২১/০৭/২০১৭ইং তারিখে দৈনিক প্রথমআলো প্রত্রিকায় প্রকাশিত আপনাদের প্রতিষ্ঠানের একটি নিয়োগ বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে আসে। উক্ত বিজ্ঞপ্তিতে টেকনিক্যাল ডিভিশনে প্রকৌশলী নিয়োগের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়টি উল্লেখ আছে (কপি সংযুক্ত)ঃ-

"For the Technical Division, Candidates with B.Sc. from BUET, RUET, CUET, KUET, MIST or other reputed private Universities such as Ahsanullah University of Science and Technology will be given preference, unless otherwise mentioned."

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর সরকারের রাজস্ব খাতের অর্থায়নে পরিচালিত একটি পাবলিক বিশ্ববিদ্যালয়। ১৯৮০ সালে প্রতিষ্ঠানটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে যাত্রা শুরু করে। এ সময় বুয়েটের বাইরে চারটি ইঞ্জিনিয়ারিং কলেজ, যথা- ঢাকা ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম ইঞ্জিনিয়ারিং কলেজ ও খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজে ছাত্ররা বিএসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে পড়াশুনা করতো। পরবর্তিতে ১৯৮৬ সালে এক অর্ডিনেন্স এর মাধ্যমে এ চারটি ইঞ্জিনিয়ারিং কলেজ-কে একই সাথে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বিআইটি-তে রূপান্তর করা হয় এবং তৎপরবর্তিতে ২০০৩ সালে এ চারটি বিআইটি-কে একই সাথে আলাদা আলাদা আইনের মাধ্যমে পূর্ণাঙ্গ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হয়। শুরু থেকেই সবকটি প্রতিষ্ঠানে বুয়েটের আলোকে কোর্স কারিকুলাম তৈরি করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের অধীন ৭ টি প্রকৌশল বিভাগসহ মোট ১১টি বিভাগে শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ৩টি নতুন ইনস্টিটিউট এবং ১টি নতুন বিভাগ চালু করার নিমিত্ত গত ২৬/০৪/২০১৭ইং তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ২৭৭.৪০ কোটি টাকা ব্যয় সম্বলিত উন্নয়ন প্রকল্প অনুমোদন করেন।

বিশ্ববিদ্যালয়ে বর্তমানে স্নাতক শিক্ষা কার্যক্রমের পাশাপাশি স্নাতকোত্তর (মাস্টার্স ও পিএইচডি) প্রোগ্রাম চালু আছে।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা ৩ হাজারের অধিক। এছাড়া বিশ্ববিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক পিএইচডি ডিগ্রীধারী শিক্ষক রয়েছেন। যারা দেশে-বিদেশে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে অনন্য সাধারন অবদান রেখে চলেছেন।

বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত প্রকৌশলীগণ দেশে ও বিদেশে অত্যন্ত সুনামের সাথে দায়িত্ব পালন করছেন।

একটি পাবলিক বিশ্ববিদ্যালয় হওয়া সত্ত্বেও এবং দেশে-বিদেশে প্রকৌশল ও প্রযুক্তি ক্ষেত্রে অত্যন্ত সুনামের সাথে কার্যক্রম পরিচালনা করা সত্ত্বেও এই বিশ্ববিদ্যালয়-কে বাদ দিয়ে অপর চারটি প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীপ্রাপ্ত প্রকৌশলীদের আপনাদের প্রতিষ্ঠানে চাকুরীর আবেদন করার সুযোগ রাখায় অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক এবং সংশ্লিষ্ট সকলের অত্যন্ত সংক্ষুব্ধ হওয়ার সম্ভাবনা রয়েছে।

ইতোমধ্যেই ডুয়েটের ছাত্রদের পক্ষ হতে লিখিত আবেদনের মাধ্যমে তাদের সংক্ষুব্ধতার বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে এনেছে।

আপনাদের মত স্বনামধন্য প্রতিষ্ঠান যদি অত্র বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীপ্রাপ্ত প্রকৌশলীদের নিয়োগের সুযোগ প্রদান না করেন, তবে বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা অত্যন্ত হতাশায় নিমজ্জিত হবে। পাশাপাশি সরকারের রাজস্ব খাতে পরিচালিত প্রতিষ্ঠানটির ভাবমূর্তি ক্ষুন্ন হবে।

এই প্রেক্ষিতে বাস্তব অবস্থা বিবেচনায় আপনাদের বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশোধনপূর্বক অত্র বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত প্রকৌশলীদের আবেদন করার সুযোগ রেখে সংশোধিত বিজ্ঞপ্তি জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

০৮.০৮.১৭

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৪৯২৭৪০০৩ (অফিস)
তারিখ ঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ।

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/ছাত্র/নিয়োগ/সুবিধা/১৪৯/২০১৭/ ২০৭০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ-

(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। এপিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি সদর দপ্তর, রমনা, ঢাকা।
৩। সকল - ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক।
৪। পরিচালক (ছাত্র কল্যাণ)।
৫। সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭। ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখা।
৮। পাবলিকেশন-কাম-ইনফরমেশন অফিসার।
৯। সকল নোটিশ বোর্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ।
১০। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

(মোঃ মনিরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা

BUILD A BRIGHT FUTURE WITH SHELTECH

The Right Person, in the Right Place, at the Right Time



Sheltech is now hiring! As one the leading real estate companies of Bangladesh, we take pride in our code-compliant designs and quality construction, and have built over 3500 apartments in Dhaka city in the last 30 years. We are currently expanding our business and are looking for qualified, sincere and hardworking individuals, who will be able to work in our highly professional, fast-paced and dynamic corporate culture.

TECHNICAL DIVISION

২২/০৯/১৯
প্রথম আলো

ARCHITECTURE
- Principal Architect • Resident Architect • Assistant Architect
- Senior Cad Operator • Cad Operator • Junior Cad Operator

CONSTRUCTION
- Assistant Chief Engineer (Civil) • Senior Executive Engineer (Civil)
- Executive Engineer (Civil) • Deputy Executive Engineer (Civil)

CUSTOMER SUPPORT
- Deputy Executive Engineer (Civil) • Resident Engineer (Civil)

DESIGN AND QUALITY MANAGEMENT
- Deputy Executive Engineer (Civil) • Deputy Executive Engineer (Electrical)
- Project Engineer (Electrical) • Deputy Executive Engineer (Diploma in Electrical)
- Senior CAD Operator/CAD Operator (Diploma in Civil Drafting)

For the Technical Division, candidates with B.Sc. from BUET, RUET, CUET, KUET, MIST or other reputed private universities such as Ahsanullah University of Science and Technology will be given preference, unless otherwise mentioned.

MARKETING DIVISION

BRAND MANAGEMENT
- Senior Manager • Manager

BUSINESS DEVELOPMENT
- Senior Manager • Senior Executive • Executive

CREDIT REALIZATION
- Senior Executive • Executive